মেহেরপুরে ব্যথিত সাংস্কৃতিক কর্মী ও শিল্পীদের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অর্থ প্রদান

মেহেরপুরে ব্যথিত সাংস্কৃতিক কর্মী ও শিল্পীদের উদ্যোগে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অর্থ প্রদান করা হয়েছে।

আজ সোমবার (৯ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা প্রশাসনের মাধ্যমে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল, হিসাব নং ০১০৭৩৩৩০০৪০৯৩ তে মেহেরপুর সোনালী ব্যাংক শাখা হতে ৬০,২১২/-(ষাট হাজার দুইশত বারো টাকা) জমা প্রদান করা হয়।

মেহেরপুরের সাংস্কৃতিক কর্মীদের পক্ষে বলা হয়েছে আমরা কয়েকজন ব্যথিত সাংস্কৃতিক কর্মী ও শিল্পীর এই ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে ‘পথ কনসার্ট’ কর্মসূচি আয়োজন করি। এই কর্মসূচি থেকে আমরা পাঁচটি স্থানে আমাদের সংগ্রহিত অর্থ যা মুজিবনগরের কেদারগঞ্জ ও কোমরপুর বাজারে ১৯,১০০+৬,৫১০, মেহেরপুরের আমঝুপি বাজার এবং শহরে ৭০০৫+১১,০৪০ ও গাংনী বাজার ১৬,৫৫৭= সর্বমোট ৬০,২১২ টাকা উত্তোলন করি। যা আজেকে মেহেরপুর জেলা প্রশাসনের মাধ্যমে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল, হিসাব নং ০১০৭৩৩৩০০৪০৯৩ তে মেহেরপুর সোনালী ব্যাংক শাখা হতে উত্তোলনকৃত টাকা জমা প্রদান করেছি।

এ পথ কনসার্ট কর্মসূচিতে সার্বিক ভাবে কাজ করেন অরণি থিয়েটারের সভাপতি ও অরণি চিলড্রেন্স থিয়েটারের প্রতিষ্ঠাতা নিশান সাবের, চ্যানেল আই ক্ষুদে গানরাজ প্রতিযোগিতার শিল্পী উদয়, শিল্পী ও কী-বোর্ড বাদক ওস্তাদ নান্টু সরকার, সাউন্ড সার্ভিস সহায়তা/ সাউন্ড ভিশন ফিরোজ, অক্টোপ্যাড বাদক আশিক, সংগীত শিল্পী পাপিয়া, জেসমিন, নাজেরা, আরিফ, লাইলী, কানন ও সুলতানা টনি।

৬৩৮ জন সদস্যদের মাঝে নগদ অর্থ প্রদান

দামুড়হুদার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লি: এর সকল সদস্যদের মাঝে নগদ অর্থ প্রধান করা হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে সমিতির কার্যালয়ের হলরুমে ৬৩৮ জন সদস্যদের মাঝে নগদ ১ হাজার টাকা করে সমিতির লভ্যাংশ থেকে দেওয়া হয়।

একাধিক বার স্বর্ণপদক প্রাপ্ত কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছির কৃতি সন্তান, উক্ত সমিতির প্রধান উপদেষ্টা আমার সংবাদ পত্রিকার সম্পাদক ও প্রকাশক হাশেম রেজা।

এসময় উপস্থিত ছিলেন, সমিতির সহ সভাপতি ফিরোজ আহম্মেদ, আবু হানিফ, উপদেষ্টা মন্ডলীর সদস্য মিন্টু তরফদার, আফতাব উদ্দিন, আব্দুল কুদ্দুস, জুলফিকার আলি জুলু, আবু সাইদ, আব্দুল মজিদসহ স্থানীয় সুধী জন, সমিতির নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্য ও সাধারণ সদস্যরা।

কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লি: প্রধান উপদেষ্টা জনাব মোঃ আবু হাশেম রেজার একান্ত প্রচেষ্ঠার উদ্যোগ ও মানসিক, শারীরিক পরিশ্রমের সমিতি তার নিজ অবস্থান ফিরে পাওয়ায় সমিতির ৬৩৮ জন সদস্যকে নগদ ১ হাজার টাকার লভ্যাংশ বিতরণ করা হয়। মোট ৬ লক্ষ ৩৮ হাজার টাকা বিতরণ করা হয়েছে।